

সংবাদ বিজ্ঞপ্তি

তারিখ: ২৮/০৮/২০১৯ খ্রিষ্টাব্দ

বাংলাদেশ জাতীয় জাদুঘরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৪তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে সেমিনার আয়োজন

স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৪তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস ২০১৯ পালন উপলক্ষ্যে বাংলাদেশ জাতীয় জাদুঘরের উদ্যোগে আগামী ৩১ আগস্ট ২০১৯, শনিবার, বিকাল ৩ টায় জাদুঘরের নলিনীকান্ত ভট্টশালী প্রদর্শনী গ্যালারিতে **২৫ সেপ্টেম্বর ১৯৭৪: জাতিসংঘে বঙ্গবন্ধুর ভাষণ ও শোষণমুক্ত পৃথিবী গঠনের দার্শনিক ভাবনা** শীর্ষক এক সেমিনারের আয়োজন করা হয়েছে। সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করবেন মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ব্যক্তিগত সহায়ক, আন্তর্জাতিক যুদ্ধাপরাধ ট্রাইব্যুনাল (আইসিটিবিডি) ও বাংলাদেশ হেরিটেজ ফাউন্ডেশনের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান **জনাব ওয়ালিউর রহমান**। সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী **জনাব কে এম খালিদ**, এমপি। সম্মানিত আলোচক হিসেবে উপস্থিত থাকবেন জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য বিশিষ্ট রাষ্ট্রবিজ্ঞানী **প্রফেসর ড. হারুন-অর-রশিদ** এবং আন্তর্জাতিক বিশ্লেষক ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের **প্রফেসর ড. দেলোয়ার হোসেন**। সেমিনারে সভাপতিত্ব করবেন বাংলাদেশ জাতীয় জাদুঘরের মহাপরিচালক **জনাব মো. রিয়াজ আহম্মদ**।

ড. শিহাব শাহরিয়ার
কীপার, জনশিক্ষা বিভাগ
বাংলাদেশে জাতীয় জাদুঘর

বার্তা সম্পাদক/বার্তা পরিচালক

ঢাকা